

21091 - কোন মুসাফির 8 দিনের বেশি অবস্থান করার নিয়ত করলে নামাযগুলো পূর্ণ সংখ্যায় আদায় করবে

প্রশ্ন

আমি আলজেরিয়ান। প্রায় তিন বছর হলো ব্রিটেনে এসেছি। আমি শাইখ ইবনে উছাইমীনের ফতোয়া শুনার পর থেকে নামায কসর করে আদায় করছি। ফতোয়ার সারকথা হলো: কসরের কোন নির্দিষ্ট সময়সীমা নেই।

আমি আমার নিজেকে অপেক্ষমান ব্যক্তির মত গণ্য করি। যখনই আমার দেশের অবস্থা নিরাপদ হবে তখনই আমি দেশে ফিরে যাব। আমি আমার অবস্থার ব্যাপারে আপনাদের কাছ থেকে সুস্পষ্ট ফতোয়া জানতে চাচ্ছি। আল্লাহ্ আপনাদেরকে উত্তম প্রতিদান দিন।

প্রিয় উত্তর

শাইখ (রহঃ) এর ফতোয়া হচ্ছে- মুসাফির ততক্ষণ পর্যন্ত নামায কসর করা, একত্রে আদায় করা ও রোযা ভঙ্গ করার সুযোগ গ্রহণ করবে যতক্ষণ পর্যন্ত 'সফর' -এর বিশেষণ তার উপর বলবৎ থাকে।

যেহেতু এই সংক্রান্ত দলিলগুলোর ভাব সামগ্রিক। এটি শাইখের পূর্বে ইবনে তাইমিয়ার অভিমত। কিন্তু জমহুর আলেমের অভিমত হলো: মুসাফির ততক্ষণ পর্যন্ত সফরের ছাড়গুলো গ্রহণ করতে পারবেন যতক্ষণ পর্যন্ত না চারদিন বা ততোধিক সময় অবস্থান করার নিয়ত না করেন। এটাই সতর্কতামূলক অভিমত। মাননীয় শাইখ ইবনে বায (রহঃ) এই মতের উপর ফতোয়া দিতেন।